# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

"দু'টি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়"

স্মারক নং-স্বাঃঅধিঃ/এম,এ/আইএইচটি-ভর্তি/২০১১-২০১২/৯৯০৪ তারিখঃ ৩১/০৫/২০১১ইং

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজী কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি**

২০১১-২০১২ইং শিক্ষাবর্ষে অত্র অধিদপ্তরের অধীনে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল ও রংপুর-এ ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজী কোর্সে বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নে শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**ইনস্টিটিউট কোড নং-ঢাকা-৮১, রাজশাহী-৮২, বগুড়া-৮৩, চট্টগ্রাম-৮৪, বরিশাল-৮৫, রংপুর-৮৬**

১। নিম্নলিখিত বিভাজন অনুযায়ী ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল ও রংপুর ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী-তে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**বিভাজন**

ক) ঢাকা-৮১ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | -৫০ জন |
| ডিপ্লোমা ইন ফার্মেসী | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | -২০ জন |
| মোট | =৩২০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য | ০৫ জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য | ০২ জন |
| সর্বমোট | =৩২৭ জন |

খ) রাজশাহী-৮২ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | -৫০ জন |
| ডিপ্লোমা ইন ফার্মেসী | -৫০ জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | -২০ জন |
| মোট | = ৩২০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য | ০৫ জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য | ০১ জন |
| সর্বমোট | = ৩২৬ জন |

গ) বগুড়া-৮৩ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | - ৬৫ (পঁয়ষট্টি) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী)) | - ৫৫ (পঞ্চান্ন) জন |
| মেডিকেল টেকনোলজী (ফার্মেসী) | - ৫৫ (পঞ্চান্ন) জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | - ৫৫ (পঞ্চান্ন) জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | - ২০ (বিশ) জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | -৫০ (পঞ্চাশ) জন |
| মোট | = ৩৫০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য- | ০৫ (পাঁচ) জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য- | ০২ (দুই) জন |
| মোট | = ৩৫৭ জন |

(ঘ) চট্টগ্রাম-৮৪ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী)) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফার্মেসী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | - ২০ (বিশ) জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | -৫০ (পঞ্চাশ) জন |
| মোট | = ৩২০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য | - ০৫ (পাঁচ) জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য | - ০২ (দুই) জন |
| মোট | = ৩২৭ জন |

(ঙ) বরিশাল-৮৫ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফার্মেসী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | -৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | - ২০ (বিশ) জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মোট | = ৩২০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য | - ০৫ (পাঁচ) জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য | - ০২ (দুই) জন |
| মোট | = ৩২৭ জন |

(চ) রংপুর-৮৬ এর ৭টি অনুষদের জন্য

| | |
|---|---|
| মেডিকেল টেকনোলজী (ল্যাবরেটরী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওগ্রাফী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফার্মেসী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ডেন্টিস্ট্রি) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (ফিজিওথেরাপী) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মেডিকেল টেকনোলজী (রেডিওথেরাপী) | -২০ (বিশ) জন |
| মেডিকেল টেকনোলজী (এসআইটি) | - ৫০ (পঞ্চাশ) জন |
| মোট | = ৩২০ জন |
| মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য | - ০৫ (পাঁচ) জন |
| উপজাতীয় প্রার্থীর জন্য | - ০২ (দুই) জন |
| মোট | = ৩২৭ জন |

২। ক) অনুচ্ছেদ ১-এর (ক), (খ), (গ), (ঘ), (ঙ) ও (চ) তে বর্ণিত অনুষদের মোট আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে বাকী ৩০% ৭টি বিভাগের জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
(খ) প্রশাসনিক বিভাগীয় কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগণকে আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৩। প্রতিটি অনুষদে প্রশাসনিক বিভাগীয় প্রার্থীদের বেলায় মহিলাদের জন্য ন্যূনতম ৩০% আসন সংরক্ষিত থাকবে। তবে এক্ষেত্রে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে আসন পূরণ করা হবে।

৪। ক) উপ-জাতীয় প্রার্থীদের জন্য ঢাকা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০২ (দুই)টি, রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০১ (এক)টি, বগুড়া ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০২ (দুই)টি, চট্টগ্রাম ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ২টি, বরিশাল ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ২টি ও রংপুর ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ২টি মোট ১১টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে। উপ-জাতীয় প্রার্থীদেরকে অন্যান্য সাধারণ প্রার্থীদের মত একই শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হতে হবে এবং একই সঙ্গে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
খ) উপজাতীয় কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীদেরকে তাদের নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং গোত্র প্রধানের স্বাক্ষরিত জেলা, গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট্যতা সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে।

৫। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য (এসআইটি অনুষদ ব্যতীত) ঢাকা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০৫ (পাঁচ)টি, রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০৫ (পাঁচ)টি, বগুড়া ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০৫ (পাঁচ)টি, চট্টগ্রাম ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ০৫টি, বরিশাল ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ৫টি ও রংপুর ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীতে ৫টি মোট ৩০টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

৬। প্রার্থীর পিতা/মাতা যদি মুক্তিযোদ্ধা হয়ে থাকেন তবে তা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বর্তমান চলমান পদ্ধতির সাথে ১৯৯৭-২০০১ইং সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত যে সকল মুক্তিযোদ্ধা সনদপত্র ইস্যু করা হয়েছিল তা কার্যকর হবে। তাদেরকেও অন্যান্য সাধারণ প্রার্থীদের মত একই শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হতে হবে ও একই সঙ্গে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৭। ঢাকা, রাজশাহী ও বগুড়া আইএইচটিতে প্রতিটি অনুষদে ০২ (দুই) জন করে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ থাকবে এক্ষেত্রে আবেদন করার পূর্বেই স্বাস্থ্য অধিদপ্তর থেকে নম্বর সমতার সনদপত্র সংগ্রহ করতে হবে।

৮। ক) ভর্তিচ্ছু প্রার্থীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং যে কোন শিক্ষা বোর্ড অথবা সমমানের পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীব বিজ্ঞানসহ ন্যূনতম এসএসসি (বিজ্ঞান) পরীক্ষায় সকল বিষয় উত্তীর্ণসহ জিপিএ ২.৫০ (পয়েন্ট) অথবা দাখিল (বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণসহ ন্যূনতম জিপিএ ২.৫০ (পয়েন্ট) প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা শুধুমাত্র আইএইচটিতে আবেদন করতে পারবে।
খ) যারা ২০০৯ইং সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছেন তারা আবেদনের যোগ্য নহেন।

৯। ক) এসআইটি অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে ন্যূনতম উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন শাখায় যে কোন বিভাগে উত্তীর্ণ হতে হবে। প্রার্থীর বয়স ০১/০৭/২০১১ইং তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের উর্ধ্বে হলে আবেদনের অযোগ্য বলে গণ্য করা হবে। এসআইটি অনুষদে ভর্তিচ্ছু প্রার্থীদের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের পাশাপাশি অভিজ্ঞতার মূল্যায়ন করা করা হবে। ৫ (পাঁচ) বৎসরের অতিরিক্ত প্রতি বৎসরের অভিজ্ঞতার জন্য ২ (দুই) নম্বর যোগ করা হবে, তবে এ ক্ষেত্রে সর্বোচ্চ ১০ (দশ) নম্বরের বেশী যোগ করা হবে না।
এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬% এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৮% এর সহিত অভিজ্ঞতার জন্য প্রাপ্ত নম্বর যোগ করে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
খ) এসআইটি অনুষদে বিভাগীয় প্রার্থী বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য মন্ত্রণালয় অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অধীনে স্বাস্থ্য সহকারী/এএইচআই/এইচআই/এফ ডব্লিউ-এ পদে কমপক্ষে তিন বৎসর চাকুরীর অভিজ্ঞতা অর্জন করেছেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি প্রতিষ্ঠানে আবেদন দাখিল করতে পারবেন, একাধিক প্রতিষ্ঠানে আবেদন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এসআইটি অনুষদে কোন লিখিত বা মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১০। ক) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারণ প্রার্থীর ন্যায় একই শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে এবং একই সঙ্গে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বিভাগীয় প্রার্থীর বয়স ০১/০৭/২০১১ইং তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।
খ) এসআইটি কোর্স ব্যতীত সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে এবং সুনির্দিষ্ট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসর চাকুরীরত আছেন তারাই কেবলমাত্র আবেদনের যোগ্য হবেন। স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল, বার্ডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, মা ও শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল (মাতুয়াইল) এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব-স্ব বিষয়ে চাকুরীরত আছেন (যেমন- ডেন্টাল এটেনডেন্ট-ডেন্টাল কোর্সে, ল্যাবরেটরী এটেনডেন্ট-ল্যাবরেটরী কোর্সে, ডার্করুম এ্যাসিসটেন্ট-রেডিওগ্রাফী কোর্সে, কমপাউন্ডার-ফার্মেসী কোর্সে ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।
গ) সকল চাকুরীরত বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত সনদপত্র ও কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবেঃ
ক) এসএসসি অথবা সমমানের পরীক্ষার সাময়িক সনদপত্র/প্রশংসাপত্র।
খ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।
গ) নাগরিকত্বের সনদপত্র।
ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি।
ঙ) এসআইটি কোর্সের বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং নম্বরপত্র/মূল্যায়নপত্রের সত্যায়িত ফটোকপি।
চ) সকল চাকুরীরত বিভাগীয় প্রার্থীর নিয়োগপত্র, যোগদানপত্র এবং চাকুরীর অভিজ্ঞতার প্রত্যয়নপত্রসমূহের সত্যায়িত ফটোকপি।
ছ) উপ-জাতীয় প্রার্থীদের বেলায় ডেপুটি কমিশনার এবং গোত্র প্রধান স্বাক্ষরিত জেলা, গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট সংক্রান্ত সনদপত্র।
জ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ (বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী স্বাক্ষরিত) নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১২। ক) ভর্তিচ্ছুক প্রার্থীদেরকে তাদের পছন্দমত যে কোন ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল ও রংপুর) ৩৭০/- (তিনশত সত্তর টাকা অফেরতযোগ্য) ফি জমা দিয়ে আবেদনপত্র ও SIF (Students Information Form) **১৯/০৬/২০১১ইং তারিখ রোজ রবিবার হতে সংগ্রহ** করতে হবে এবং তা সঠিকভাবে পূরণ করে নির্দিষ্ট তারিখের মধ্যে অধ্যক্ষের কার্যালয়ে জমা দিতে হবে। SIF (Students Information Form) ভাজ করা যাবে না। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে রোল নম্বর স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হওয়ার পর ইনস্টিটিউট কর্তৃপক্ষ তাহা আবেদনপত্রে লিপিবদ্ধ করিয়া প্রবেশপত্র সংশ্লিষ্ট অধ্যক্ষের স্বাক্ষরসহ প্রদান করবেন। প্রার্থী নিজেই আবেদনপত্র সংগ্রহ, জমা ও প্রবেশপত্র সংগ্রহ করবেন।

১৩। প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা-১৫, ইংরেজি-১৫, অংক-১৫, পদার্থ-১৫, রসায়ন-১৫, জীববিজ্ঞান-১৫ ও সাধারণ জ্ঞান-১০) অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তরপত্র-ওএমআর (OMR) মেশিনে দেখা হবে। উক্ত ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ গ্রেড পয়েন্ট সমানুপাতিক হারে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি (জিপিএ পয়েন্টX২০)+ লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

১৪। ক) মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অনুষদভিত্তিক মেধা তালিকা প্রস্তুত করা হবে। অপেক্ষমান তালিকাও মেধার ভিত্তিতে অনুষদভিত্তিক তৈরি করা হবে। প্রার্থী যে ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষা দেবে, সেই ইনস্টিটিউটে তাকে ভর্তি হতে হবে। নির্বাচিত প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে অসমর্থ হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরণ করা হবে। ভর্তির সময় ছাত্র-ছাত্রীগণকে মূল সনদপত্র এবং মার্কসীট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে। কোনক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।
খ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষায়, সাময়িকভাবে নির্বাচিত ও অপেক্ষমান তালিকার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
গ) ভর্তির জন্য সাময়িকভাবে নির্বাচিত তালিকা এবং অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

১৫। আবেদনপত্রে এবং প্রবেশপত্রে প্রার্থী নির্ধারিত জায়গায় স্বহস্তে স্বাক্ষর করতে হবে। স্বাক্ষরবিহীন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬। **আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৯/০৬/২০১১ইং রোজ বুধবার এবং ভর্তি পরীক্ষা ১৫/০৭/২০১১ইং তারিখ রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় স্ব-স্ব ইনস্টিটিউট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে।**

১৭। আবেদনপত্র সঠিক ও পরিপূর্ণভাবে পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষায় অবতীর্ণ/উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীতে যে কোন সময় কোন ভুল তথ্য পাওয়া গেলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি/পাসের সনদ বাতিল বলে গণ্য হবে।

১৮। বর্তমান প্রচলিত কারিকুলাম অনুযায়ী কোর্স পরিচালিত হবে।

১৯। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জানার জন্য স্ব-স্ব ইনস্টিটিউটের অধ্যক্ষের সহিত যোগাযোগ করবেন।

২০। সকল সরকারি ও বেসরকারি আইএইচটিসমূহে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

২১। কোর্স সমাপনকারীগণকে সরকারি চাকুরীতে নিয়োগের কোন প্রকার নিশ্চয়তা বা বাধ্যবাধকতা থাকবে না মর্মে ভর্তির জন্য মনোনীত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারিত ফরমে/ছকে মুচলেকা প্রদান করতে হবে।

**অধ্যাপক ডা. শাহ আবদুল লতিফ**
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
ফোন : ৮৮২৫৪০০, ফ্যাক্স : ৯৮৮৬৬১২
E-mail: shah.latif@yahoo.co.in

জিডি-২৫৬১

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

সূত্রঃ জামস/অ.ক্ষ.না.উ.বি.সা.প্র/নিয়োগ/১(২)/২০১১-২৪ তারিখঃ ২৯/০৫/২০১১খ্রিঃ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা পরিচালিত অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক সংখ্যা | পদের নাম, গ্রেড ও সাকুল্যে বেতন | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>সাকুল্যে বেতন-৯,৬৫০/- | ১টি | অনূর্ধ্ব-৩০ বছর | মাস্টার্স ডিগ্রিসহ ওয়ার্ড প্রসেসিং ও ডাটাবেস সফটওয়ার, এমএস ওয়ার্ড, ফক্সপ্রো এর বাস্তব অভিজ্ঞতা।<br>ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিট এবং ডাটাবেস ম্যানেজমেন্ট প্যাকেজ প্রোগ্রামের উপর সার্টিফিকেট কোর্স (এমএস অফিস-২০০০) থাকতে হবে।<br>অবশ্যই প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দ টাইপের অভিজ্ঞতা।<br>সরকারি, আধা-সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্পে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>একই ধরণের প্রকল্পের অনুরূপ পদে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২, তারিখঃ ২৬/০৬/২০০৩ বলে বয়স শিথিলযোগ্য। |
| ০২। | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>সাকুল্যে বেতন-৯,৩৫০/- | ১টি | অনূর্ধ্ব-৩০ বছর | বাণিজ্যে স্নাতক।<br>সরকারি, আধা-সরকারি অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্পে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>একই ধরণের প্রকল্পের অনুরূপ পদে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২, তারিখঃ ২৬/০৬/২০০৩ বলে বয়স শিথিলযোগ্য। |
| ০৩। | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>সাকুল্যে বেতন-৮,৬০৫/- | ২টি | অনূর্ধ্ব-৩০ বছর | অষ্টম শ্রেণী।<br>বৈধ হালনাগাদ নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>সরকারি অথবা বেসরকারি প্রতিষ্ঠানে জীপ/কার/মাইক্রোবাস চালানোর ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>জীপ/কার/মাইক্রোবাস মেরামতের কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।<br>একই ধরণের প্রকল্পের অনুরূপ পদে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২, তারিখঃ ২৬/০৬/২০০৩ বলে বয়স শিথিলযোগ্য। |

**শর্তাবলীঃ**

১. সাদা কাগজে স্বহস্তে লিখিত (নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত) আবেদনপত্র বিজ্ঞপ্তি জারির ১০ দিনের মধ্যে "প্রকল্প পরিচালক, অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা (৪র্থ তলা), ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০" এই ঠিকানায় পৌছাতে হবে।
২. আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (খ) পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র, (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (ঘ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি এবং (ঙ) অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
৩. খামের উপর অবশ্যই স্পষ্টভাবে পদের নাম ও নিজ জেলার নাম আলাদা করে উল্লেখ করতে হবে।
৪. উপরোক্ত পদগুলি সম্পূর্ণ অস্থায়ী এবং প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ার সাথে সাথে নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
৫. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৬. সকল পদে বয়স ৩১/০৫/২০১১খ্রিঃ তারিখ পদের পার্শ্ববর্ণিত বয়সসীমার মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
৭. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
৮. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৯. আবেদনপত্র বাছাই করে শুধুমাত্র যোগ্য বিবেচিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে (সাক্ষাৎকার পরীক্ষার সময়ে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে)। এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**প্রকল্প পরিচালক**
অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের
বিকাশ সাধন প্রকল্প (২য় পর্যায়)
জাতীয় মহিলা সংস্থা

জিডি-২৫২৯

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

**সাধারণ সেবা বিভাগ**

## ব্যাংকের কয়েকটি আইটেম মুদ্রণ কাজের দরপত্র বিজ্ঞপ্তি

ব্যাংকের কয়েকটি আইটেম কাগজসহ মুদ্রণ ও সরবরাহের জন্য সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন দেশের খ্যাতনামা ও প্রতিষ্ঠিত এবং বৈধ লাইসেন্সধারী যোগ্যতাসম্পন্ন অফসেট মুদ্রণালয়সমূহের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। বিস্তারিত নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | তহবিলের উৎস | ঃ | রাজস্ব বাজেটের আওতায় ব্যাংকের নিজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহ করা হবে। |
| ০২। | দরপত্র আহবানের সূত্র ও তারিখ | ঃ | প্রকা/সাসেবি-০৩(১৩১) অংশ-২৪/২০১০-২০১১/১৫৭১<br>তারিখ ৩০-০৫-২০১১খ্রিঃ। |
| ০৩। | দরপত্রের নাম | ঃ | ব্যাংকের কয়েকটি আইটেম মুদ্রণ। |
| ০৪। | মুদ্রণ কাজ সমাপ্তির সময় | ঃ | সিডিউল/কার্যাদেশে প্রদত্ত সময়সীমার মধ্যে। |
| ০৫। | দরদাতার যোগ্যতা | ঃ | খ্যাতনামা বৃহৎ প্রতিষ্ঠানের মুদ্রণ ও সরবরাহের পূর্ব অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান (সিডিউলের শর্ত প্রযোজ্য)। |
| ০৬। | দরপত্র সিডিউলের মূল্য | ঃ | বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের অনুকূলে বাংলাদেশ কৃষি ব্যাংক অথবা সিডিউল ব্যাংকের ঢাকা শহরস্থ যে কোন শাখার, ২,০০০/- (দুই হাজার) টাকার (অফেরতযোগ্য) পেমেন্ট অর্ডারের মাধ্যমে সিডিউল ক্রয় করা যাবে। |
| ০৭। | সিকিউরিটি মানির পরিমাণ | ঃ | দরপত্রের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় এর অনুকূলে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখা/কার্যালয় থেকে ক্রয়কৃত ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে যা ব্যাংকের প্রচলিত নিয়মে ফেরত দেয়া হবে। |
| ০৮। | দরপত্র সিডিউল বিক্রয়ের অফিসের নাম-ঠিকানা | ঃ | সাধারণ সেবা বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় (৩য় তলা), ৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। |
| ০৯। | দরপত্র জমা দেয়ার অফিসের নাম-ঠিকানা | ঃ | ঐ |
| ১০। | দরপত্র খোলার অফিসের নাম-ঠিকানা | ঃ | ঐ |
| ১১। | দরপত্র সিডিউল বিক্রির সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ১৯-০৬-২০১১খ্রিঃ সকাল ১১-০০ ঘটিকা। |
| ১২। | দরপত্র সিডিউল দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ২০-০৬-২০১১খ্রিঃ বিকেল ২.৩০ ঘটিকা। |
| ১৩। | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ২০-০৬-২০১১খ্রিঃ তারিখ বিকেল ২.৪৫ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। |
| ১৪। | মুদ্রিতব্য আইটেমের বিবরণ | ঃ | দরপত্র সিডিউল অনুযায়ী। |
| ১৫। | বিশেষ নির্দেশনা | ঃ | দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। সর্বনিম্ন অথবা যে কোন কিংবা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরদাতার জন্য দরপত্র সিডিউলের সকল শর্তাবলী অবশ্যই পিপিআর-২০০৮ অনুযায়ী পালনীয় বলে বিবেচিত হবে। ইতোপূর্বে অত্র ব্যাংকের কার্যাদেশ পেয়ে দ্রব্য/দ্রব্যাদির গুনগত মান রক্ষা না করা কিংবা কার্যাদেশ/সিডিউলের শর্ত ভঙ্গের কারণে যে সব প্রতিষ্ঠানের কার্যাদেশ বাতিল করা হয়েছে কিংবা যে সব প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হয়েছে ঐসব প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণের অ-যোগ্য বলে বিবেচিত হবে। |

**উপ-মহাব্যবস্থাপক**
সাধারণ সেবা বিভাগ

জিডি-২৫৬৬

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮

**গুনগত মানসম্পন্ন দেশীয় যন্ত্রাংশ তৈরিতে বিটাকের সহায়তা নিন।**

## তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বিটাক, ঢাকা কেন্দ্রে ২০১১-২০১২ আর্থিক বৎসরের জন্য সরবরাহকারীদের শ্রেণীভিত্তিক তালিকাভুক্তির জন্য নিম্নবর্ণিত নিয়ম ও শর্তানুযায়ী প্রত্যেক গ্রুপের আইটেমসমূহ সরবরাহ করার নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজ নিজ অফিস প্যাডে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**গ্রুপসমূহঃ-**

১। **হার্ডওয়্যার, টুলস্, আয়রন এন্ড ষ্টীল, রং ও কেমিক্যাল, কাঠ, বৈদ্যুতিক সামগ্রী, ধাতব কাঁচামাল এবং গাড়ির যন্ত্রাংশ ইত্যাদি সরবরাহ।**
২। **ছাপার কাজ, অফিস ষ্টেশনারী ও পোশাক পরিচ্ছদ, জুতা ও ছাতা ইত্যাদি সরবরাহ।**

উপরোক্ত প্রত্যেক গ্রুপের জন্য দরখাস্তের সহিত তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ (অফেরতযোগ্য) তালিকাভুক্তি জামানত হিসাবে ১নং গ্রুপের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরতযোগ্য) এবং ২নং গ্রুপের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) বিটাক ঢাকার ক্যাশিয়ারের নিকট নগদ প্রদান করে দরখাস্ত আগামী ৩০-০৬-২০১১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ২০১০-২০১১ সালে তালিকাভুক্ত সরবরাহকারীদের শুধুমাত্র নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ও অন্যান্য কাগজাদিসহ নবায়নের আবেদনপত্র নির্দিষ্ট তারিখের মধ্যে পৌছাতে হবে।

দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজাদি জমা দিতে হবে। অন্যথায় দরখাস্ত বিবেচনা করা হবে না।

ক) ২০১০-২০১১ সালের বৈধ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
খ) হালনাগাদ টিআইএন ও ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি।
গ) ব্যাংক হতে প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি।
ঘ) অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) ফটোকপি।

কোন কারণ না দর্শাইয়া যে কোন/সকল দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা বিটাক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**মোঃ আমির হোসেন**
ক্রয় কর্মকর্তা
বিটাক, ঢাকা
পক্ষে-মহাপরিচালক

জিডি-২৫৫০